

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং: ৪৬.০০.০০০০.০৭০.১৮.০২৮.১৯-৩৪৪


তারিখ: ১৯ চৈত্র ১৪২৯  
০২ এপ্রিল ২০২৩

বিষয়: ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন সড়কসমূহে অনস্ট্রিট স্মার্ট পার্কিং-এর রেটচার্ট অনুমোদন।

সূত্র: ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের স্মারক নং-৪৬.১০.০০০০.০২০.০০.১৫.২০.২৩-৬৩; তারিখ: ২৬ জানুয়ারি ২০২৩খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন সড়কসমূহে অনস্ট্রিট স্মার্ট পার্কিং-এর প্রস্তাবিত রেটচার্ট-এর বিষয়ে জনস্বার্থে নিম্নবর্ণিত সুনির্দিষ্ট তথ্য/মতামত আগামী ০৭(সাত) দিনের মধ্যে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) প্রস্তাবিত পার্কিং এলাকায় ভিআইপি ব্যক্তিবর্গ, বিভিন্ন দূতাবাস বা ডিপ্লোমেট, শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি/বেসরকারি অফিস/প্রতিষ্ঠান, হাসপাতাল, দাতব্য প্রতিষ্ঠান, ক্লাব, সংবাদপত্র/মিডিয়া, ব্যবসায়ী ইত্যাদি শ্রেণী-পেশার ব্যক্তিবর্গের ব্যবহৃত গাড়ির পার্কিং কিভাবে বা কোথায় হবে বা পার্কিং ফি/চার্জ কত টাকা হবে তা সুনির্দিষ্টকরণ;
- (খ) পার্কিং এর ক্ষেত্রে ৪র্থ ঘণ্টা থেকে রেট প্রস্তাব করা হয়েছে। এই রেট কি পরবর্তী ঘণ্টাসমূহের জন্য নির্ধারিত না কি ৪র্থ ঘণ্টার পরবর্তী ঘণ্টার জন্য কোন ফি নির্ধারণ করা হবে তা স্পষ্টকরণ;
- (গ) পার্কিং কার্যক্রম সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে পরিচালনা করা হবে কিনা অথবা পার্কিং কার্যক্রম পরিচালনার জন্য কোন বেসরকারি প্রতিষ্ঠান বা ব্যক্তিকে দায়িত্ব প্রদান/নিয়োজিত করা হবে কি-না এবং ঐ প্রতিষ্ঠান বা ব্যক্তিকে কিভাবে নিয়োগ প্রদান করা হবে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ;
- (ঘ) প্রস্তাবিত রেটচার্টটি সিটি কর্পোরেশনের সভায় অনুমোদিত হয়েছে কি-না, হয়ে থাকলে সভার কার্যবিবরণী; এবং
- (ঙ) প্রস্তাবিত স্মার্ট পার্কিং এ্যাপস সম্পর্কে একটি ব্রীফ/উপস্থাপনা প্রেরণ।

  
০২.০৪.২০২৩  
(মোহাম্মদ শামছুল ইসলাম)  
উপসচিব  
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫  
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০  
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন  
প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।

অনুলিপি-জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মেয়রের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা (মাননীয় মেয়রের অবগতির জন্য)।
- ৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। অফিস কপি।